**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়,

গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা

ফোন নং-০২-৮৩৯১৫১১

ইমেইল: ee_survey@pwd.gov.bd


## "মহাখালী কড়াইল বস্তিতে Feasibility Study (দরিদ্র জনগোষ্ঠীর জন্য আবাসন ও হাসপাতাল নির্মাণ) কাজ এর টার্মস অফ রেফারেন্স (ToR)"

**১.০ প্রস্তাবিত প্রকল্পের পটভূমি:**

ঢাকা মহানগরীর মহাখালী এলাকায় অবস্থিত কড়াইল বস্তি বাংলাদেশের অন্যতম বৃহৎ অনানুষ্ঠানিক ও নিম্ন-আয়ের বসতি এলাকা। বস্তিটি গুলশান-বনানী-মহাখালী এলাকার সংলগ্ন হওয়ায় এখানে কর্মসংস্থানভিত্তিক বিপুল দরিদ্র ও নিম্ন-আয়ের জনগোষ্ঠী বসবাস করে। এসব জনগোষ্ঠীর একটি বড় অংশ গৃহকর্ম, পরিবহন, নির্মাণ, ক্ষুদ্র ব্যবসা, পোশাক/কারখানা এবং অনানুষ্ঠানিক সেবা খাতের সাথে যুক্ত। অনলাইন ও গবেষণা-নির্ভর তথ্য অনুযায়ী কড়াইল বস্তি আনুমানিক বর্তমানে ৪৩.০০ একর এলাকায় বিস্তৃত এবং সেখানে প্রায় ১৬,৫০০ পরিবারের থেকে ১,৫১,৫০০ জন বা বিভিন্ন অনুমানে আরও অধিক জনগোষ্ঠী বসবাস করে। দীর্ঘদিন ধরে কড়াইল বস্তির অধিকাংশ পরিবার অস্থায়ী, অপরিকল্পিত ও অনিরাপদ ঘরে বসবাস করে আসছে। ঘনবসতি, সরু চলাচলের পথ, অপর্যাপ্ত ড্রেনেজ, জলাবদ্ধতা, অপ্রতুল স্যানিটেশন, কঠিন বর্জ্য ব্যবস্থাপনার দুর্বলতা এবং অগ্নি-ঝুঁকি এ এলাকার জনস্বাস্থ্য ও নিরাপত্তাকে জটিল করে তুলেছে। বিশেষ করে নারী, শিশু, প্রবীণ, প্রতিবন্ধী ব্যক্তি এবং দৈনিক আয়ের ওপর নির্ভরশীল পরিবারগুলো এসব সমস্যার কারণে অধিক ঝুঁকির মধ্যে রয়েছে।

কড়াইল বস্তির বাসিন্দাদের জন্য পর্যাপ্ত, সুলভ ও মানসম্মত স্বাস্থ্যসেবার সুযোগ অত্যন্ত সীমিত। ছোট ছোট স্বাস্থ্যকেন্দ্র বা বেসরকারি/অপ্রাতিষ্ঠানিক চিকিৎসা ব্যবস্থা থাকলেও প্রয়োজনীয় আধুনিক চিকিৎসা সরঞ্জাম, জরুরি বিভাগ, বিশেষজ্ঞ চিকিৎসক, মা ও শিশু স্বাস্থ্যসেবা, ডায়াগনস্টিক সুবিধা, ইনডোর চিকিৎসা এবং দীর্ঘমেয়াদি রোগ ব্যবস্থাপনার ঘাটতি রয়েছে। ফলে সাধারণ অসুস্থতা বা জরুরি চিকিৎসায় জন্য বাসিন্দাদের দূরবর্তী সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল বা অন্যান্য হাসপাতালে যেতে হয়, যা সময়সাপেক্ষ, ব্যয়বহুল এবং দরিদ্র পরিবারের জন্য কষ্টসাধ্য। প্রতি বছর কড়াইল বস্তিতে জনসংখ্যার ঘনত্ব ও নাগরিক সেবার ওপর চাপ বৃদ্ধি পাচ্ছে। একই সঙ্গে পানিবাহিত ও সংক্রামক রোগ, অপুষ্টি, মাতৃ ও শিশুস্বাস্থ্য ঝুঁকি, পেশাগত আঘাত, মানসিক স্বাস্থ্য সমস্যা, অগ্নিকাণ্ড এবং জলাবদ্ধতা-জনিত স্বাস্থ্যঝুঁকি বাড়ছে। এ অবস্থায় প্রকল্প এলাকার জনগোষ্ঠীর জন্য নিকটস্থ, সহজলভ্য ও সমন্বিত স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে ১০ তলা বিশিষ্ট আধুনিক হাসপাতাল নির্মাণের প্রয়োজনীয়তা রয়েছে।

একই সঙ্গে বিদ্যমান অনিরাপদ ও অপরিকল্পিত আবাসন ব্যবস্থার পরিবর্তে দরিদ্র ও নিম্ন-আয়ের জনগোষ্ঠীর জন্য পরিকল্পিত, সাশ্রয়ী, নিরাপদ, স্বাস্থ্যসম্মত, পরিবেশবান্ধব ও দুর্যোগ-সহনশীল আবাসন ব্যবস্থা গড়ে তোলা প্রয়োজন। প্রস্তাবিত প্রকল্পের আওতায় আবাসিক ব্লক, কমিউনিটি স্পেস, শিশুদের খেলার স্থান, নারী ও প্রবীণ-বান্ধব সুবিধা, অভ্যন্তরীণ রাস্তা, পানি সরবরাহ, ড্রেনেজ, স্যানিটেশন, বিদ্যুৎ, অগ্নি নিরাপত্তা, হাসপাতাল বর্জ্য ব্যবস্থাপনা এবং কঠিন বর্জ্য ব্যবস্থাপনা অন্তর্ভুক্ত করা যেতে পারে।

অতএব, **"মহাখালী কড়াইল বস্তিতে Feasibility Study কাজ এর টার্মস অফ রেফারেন্স (ToR)"** গ্রহণের পূর্বে প্রকল্পটির ভূমি, সামাজিক প্রভাব, পুনর্বাসন, পরিবেশগত ঝুঁকি, জলবায়ু ও দুর্যোগ ঝুঁকি, কারিগরি উপযোগিতা, স্বাস্থ্যসেবা চাহিদা, আবাসন চাহিদা, আর্থিক ও অর্থনৈতিক গ্রহণযোগ্যতা, বাস্তবায়নকাল, পরিচালনা ব্যবস্থা এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বিশ্লেষণ করা আবশ্যক। এ সম্ভাব্যতা সমীক্ষার মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নযোগ্য কি-না এবং বাস্তবায়ন করলে কী ধরনের পরিকল্পনা, ব্যয়, ঝুঁকি প্রশমন ও ব্যবস্থাপনা কাঠামো প্রয়োজন হবে তা নিরূপণ করা হবে।

File: Local Disk G/Hasmat Sah/ মহাখালী কড়াইল বস্তি

| | | |
|---|---|---|
| মোহাম্মদ বাবুল হোসেন<br>উপ-সহকারী প্রকৌশলী<br>গণপূর্ত জরিপ বিভাগ<br>সেগুনবাগিচা, ঢাকা। | ০৫/০৫/২৬<br>এ, এইচ, এম, আহছান উল হক কোরেশী<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা। | 5.5.2026<br>মোঃ মহিবুর রহমান, পিইঞ্জ<br>নির্বাহী প্রকৌশলী<br>গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা। |

## ২.০ প্রস্তাবিত প্রকল্পের উদ্দেশ্য:

- মহাখালী কড়াইল বস্তির বিদ্যমান আবাসন সংকট, স্বাস্থ্যসেবা ঘাটতি এবং মৌলিক নাগরিক সুবিধার সীমাবদ্ধতা নিরূপণ করে সমন্বিত উন্নয়ন প্রকল্প গ্রহণের যৌক্তিকতা যাচাই করা।
- কড়াইল বস্তির দরিদ্র ও নিম্ন-আয়ের জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে পরিকল্পিত আবাসন, নিরাপদ বসবাসের পরিবেশ এবং প্রয়োজনীয় সামাজিক সুবিধা নিশ্চিত করার সম্ভাব্যতা মূল্যায়ন করা।
- বস্তিবাসীর জন্য ১০ তলা বিশিষ্ট আধুনিক হাসপাতাল নির্মাণের মাধ্যমে সুলভ, দ্রুত ও মানসম্মত স্বাস্থ্যসেবা প্রদানের সুযোগ সৃষ্টি করা।
- প্রকল্পের ভূমি, পরিবেশ, সামাজিক প্রভাব, পুনর্বাসন, ব্যয়, ঝুঁকি এবং বাস্তবায়নযোগ্যতা পর্যালোচনা করে ডিপিপি প্রণয়নের জন্য সুস্পষ্ট সুপারিশ প্রদান করা।

## ৩.০ প্রস্তাবিত প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- প্রকল্প এলাকার সাইট সার্ভে, টপোগ্রাফিক সার্ভে, ভূমি ব্যবহার, বিদ্যমান অবকাঠামো, ইউটিলিটি সুবিধা এবং যোগাযোগ ব্যবস্থার অবস্থা বিশ্লেষণ করা।
- প্রকল্প এলাকার জনসংখ্যা, পরিবার সংখ্যা, আয়, পেশা, বিদ্যমান আবাসন অবস্থা, স্বাস্থ্যসেবা চাহিদা এবং সামাজিক ঝুঁকি নিরূপণের জন্য হাউসহোল্ড সার্ভে ও স্টেকহোল্ডার মতামত বিশ্লেষণ করা।
- ১০ তলা হাসপাতাল ভবন, আবাসন ব্যবস্থা, কমিউনিটি স্পেস, অভ্যন্তরীণ রাস্তা, পানি সরবরাহ, ড্রেনেজ, বিদ্যুৎ, অগ্নি নিরাপত্তা এবং অন্যান্য নাগরিক সুবিধার কারিগরি ও বাস্তবায়নযোগ্যতা বিশ্লেষণ করা।
- প্রকল্পের প্রাক্কলিত ব্যয়, BOQ, পরিবেশগত ও সামাজিক প্রভাব, পুনর্বাসন প্রয়োজন, ঝুঁকি, বাস্তবায়ন পরিকল্পনা এবং অপারেশন ও মেইনটেন্যান্স ব্যবস্থার উপযোগিতা বিশ্লেষণ করা।

৪.০ পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্ব:

৪.১ প্রস্তাবিত প্রকল্প এলাকা নিবিড় পরীবিক্ষণের আওতাভুক্ত হিসেবে বিবেচনা করতে হবে;

৪.২ প্রস্তাবিত প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকালসহ সকল প্রাসঙ্গিক তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৪.৩ প্রস্তাবিত প্রকল্পের নিম্নোক্ত কারিগরি, প্রযুক্তিগত ও প্রকৌশলগত বিষয়াদি বিশ্লেষণ:

- প্রকল্পের অবস্থান
- আউটপুট পরিকল্পনা
- প্রকল্পের বর্তমান অবস্থা
- প্রকল্প এলাকার পরিষেবাসমূহ
- ট্রাফিক সার্ভে
- বিল অব কোয়ান্টিটি (BOQ) প্রিপারেশন
- SDG ও অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সংগতি

৪.৪ পরিবেশগত, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ঝুঁকি বিশ্লেষণ:

মোহাম্মদ বাবুল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ
সেগুনবাগিচা, ঢাকা।

এ, এইচ, এম, আহসান উল হক কোরেশী
সহকারী প্রকৌশলী (সিভিল)
গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা।

5.5.2026
মোঃ মহিবুর রহমান, পিইঞ্জ
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা।

৪.৪.১ পরিবেশগত, দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে আলোচ্য প্রকল্পের কোন প্রভাব বা ঝুঁকি আছে কি না এবং থাকলে তা কী (বিদ্যমান বিপর্যয় এবং জলবায়ু পরিবর্তন সম্পর্কিত ঝুঁকি বাড়ার ক্ষেত্রে প্রকল্পের কোন প্রভাব অথবা নতুন কোন ঝুঁকির উদ্ভব হবে কি না)?

৪.৪.২ এই ঝুঁকি হ্রাস করার জন্য কি ব্যবস্থা নেওয়া যেতে পারে?

৪.৪.৩ নেতিবাচক প্রভাব প্রশমিত করতে কী পরিমাণ অর্থ ব্যয়ের প্রয়োজন হতে পারে?

৪.৪.৪ সরাসরি এ ধরনের ব্যয় না করে প্রয়োজনীয় পরিষেবা বা পণ্য সরবরাহ অব্যাহত রাখার জন্য কোন বিকল্প উপায় আছে কি না এবং বিকল্প উপায়ের জন্য কত ব্যয় প্রয়োজন হতে পারে?

৪.৪.৫ প্রকল্পের জন্য কী ধরনের মূল্যায়ন (যেমন: ইআইএ, ডিআইএ, ইএমপি ইত্যাদি) প্রয়োজন হতে পারে?

৪.৫ প্রকল্পের দুর্যোগ সহনশীলতা মূল্যায়ন:

৪.৫.১ জরুরি দুর্যোগ ব্যবস্থাপনার জন্য আকস্মিক পরিকল্পনা:

জরুরি প্রয়োজনে উদ্ধার পরিকল্পনা, ইউটিলিটি পরিষেবা বন্ধ করার প্রাতিষ্ঠানিক ব্যবস্থা এবং বিপর্যয়কালে (আগুন, ভূমিকম্প, বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদি) গুরুত্বপূর্ণ জরুরি ব্যবস্থা গ্রহণ সম্পর্কে বর্ণনা থাকতে হবে;

৪.৫.২ ধারাবাহিক কর্মপরিকল্পনা:

পুনরুদ্ধার পরিকল্পনা এবং জরুরি ব্যবস্থাপনা পরিকল্পনা সম্পর্কিত বিস্তারিত রূপরেখা থাকতে হবে। জরুরি অবস্থায় বিভিন্ন ইউটিলিটি পরিষেবা কিভাবে সরবরাহ করা হবে তা সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের ব্যবস্থা থাকতে হবে;

৪.৫.৩ পুনরুদ্ধারের সময়:

দুর্যোগের পর পুনরুদ্ধার এবং পুনর্বাসনের জন্য কত সময়ের প্রয়োজন হতে পারে তা উল্লেখ করতে হবে;

৪.৫.৪ অবশিষ্ট ঝুঁকি:

ক্ষয়ক্ষতি সম্পর্কে বিস্তারিত তথ্য সরবরাহ এবং আরো কোন ঝুঁকি আছে কি না সে প্রতিবেদনসহ ঝুঁকি হ্রাসের পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ সম্পর্কে উল্লেখ করতে হবে।

৪.৬ আর্থিক বিশ্লেষণ:

৪.৬.১ ফিন্যান্সিয়াল নিট প্রেজেন্ট ভ্যালু (FNPV)

৪.৬.২ ফিন্যান্সিয়াল বেনিফিট কস্ট রেশিও (FBCR)

৪.৬.৩ ফিন্যান্সিয়াল ইন্টারনাল রেট অব রিটার্ন (FIRR)

৪.৬.৪ ইকোনমিক নিট প্রেজেন্ট ভ্যালু (ENPV)

৪.৬.৫ ইকোনমিক বেনিফিট কস্ট রেশিও (EBCR)

৪.৬.৬ ইকোনমিক ইন্টারনাল রেট অব রিটার্ন (EIRR)

মোহাম্মদ বাবুল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ
সেগুনবাগিচা, ঢাকা।

এ, এইচ, এম, আহসান উল হক চৌধুরী
সহকারী প্রকৌশলী (সিভিল)
গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা।

5.5.2026
মোঃ মহিবুর রহমান, পিইঞ্জ
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা।

৪.৭ প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে ও বাস্তবায়ন-উত্তর পর্যায়ে কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আইনগত কোন প্রতিবন্ধকতা আছে কি না? থাকলে তা চিহ্নিত করতে হবে;

৪.৮ ঝুঁকি ও সংবেদনশীলতা বিশ্লেষণ:

৪.৮.১ প্রস্তাবিত প্রকল্পকে প্রভাবিত করতে পারে এমন প্রধান ঝুঁকিগুলো কী কী?

৪.৮.২ ঝুঁকি দ্বারা প্রকল্প বাস্তবায়ন কিভাবে প্রভাবিত হতে পারে?

৪.৮.৩ ঝুঁকি উত্তরণের জন্য কী কী ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হবে?

৪.৮.৪ উল্লেখযোগ্যভাবে পৃথক পরিবেশে আর্থিক ও অর্থনৈতিক মডেলগুলোতে ব্যবহৃত অনুমিতিসমূহ কতটা সংবেদনশীল?

৪.৮.৫ ঝুঁকি, আইনগত বা নিয়ন্ত্রণ সংক্রান্ত কোন বাধ্যবাধকতা আছে কি না? থাকলে তা দ্বারা প্রকল্প বাস্তবায়ন কতটা বাঁধাগ্রস্থ হতে পারে এবং প্রকল্পের সুবিধা কতটুকু হ্রাস পেতে পারে?

৪.৯ মানবসম্পদ ও প্রশাসনিক সক্ষমতা বিশ্লেষণ (প্রকল্প বাস্তবায়নকালে এবং বাস্তবায়ন-উত্তরকালে):

৪.৯.১ প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে এবং প্রকল্পের আওতায় নির্মিত/স্থাপিত অবকাঠামো ও স্থাপনা পরিচালনার জন্য কোন ধরনের অভিজ্ঞ ও দক্ষ জনবল প্রয়োজন?

৪.৯.২ প্রকল্প বাস্তবায়নকালে প্রয়োজনীয় জনবলের যোগান দেওয়ার সক্ষমতা প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষের আছে কি না? না থাকলে সুনির্দিষ্ট পরামর্শ/সুপারিশ প্রদান;

৪.৯.৩ প্রকল্প বাস্তবায়ন-উত্তর পর্যায়ে কার্যক্রম পরিচালনার জন্য বাস্তবায়নকারী কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক সক্ষমতা (কারিগরি ও আর্থিক) আছে কি না? না থাকলে সুনির্দিষ্ট পরামর্শ/সুপারিশ প্রদান;

৪.৯.৪ প্রকল্পের আওতায় নির্মিত/স্থাপিত অবকাঠামো, স্থাপনা ইত্যাদি পরিচালনার জন্য প্রয়োজনীয় দক্ষ ও অভিজ্ঞ জনবল রয়েছে কি না? না থাকলে সুনির্দিষ্ট পরামর্শ/সুপারিশ প্রদান;

৪.৯.৫ প্রকল্পের আওতায় নির্মিত/স্থাপিত অবকাঠামো, স্থাপনা ইত্যাদি পরিচালনার জন্য সংস্কার পরিচালন বাজেটে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের সংস্থান আছে কি না? না থাকলে সুনির্দিষ্ট পরামর্শ/সুপারিশ প্রদান;

৪.১০ সুনির্দিষ্ট প্রস্তাবনা/সুপারিশ এবং যৌক্তিকতাসহ বিকল্প প্রস্তাবনা বিশ্লেষণ করতে হবে। এক্ষেত্রে প্রস্তাবিত প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য প্রযোজ্য ক্ষেত্রে বিভিন্ন প্রযুক্তি ও কৌশল বিবেচনাপূর্বক এগুলোর সুবিধা-অসুবিধা বর্ণনাসহ যে প্রযুক্তি কিংবা কৌশল সুপারিশ করা হচ্ছে তার যৌক্তিকতাসহ বর্ণনা করতে হবে;

৪.১১ প্রস্তাবিত প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি ও অন্যান্য অবকাঠামো টেকসই করার লক্ষ্যে মতামত প্রদান;

৪.১২ প্রস্তাবিত প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্প কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, বাস্তবায়নকাল, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে SWOT বিশ্লেষণ;

৪.১৩ প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়নে পরিবেশের উপর কোন নেতিবাচক প্রভাব পড়বে কি না সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান;

মোহাম্মদ বাবুল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ
সেগুনবাগিচা, ঢাকা।

এ, এইচ, এম, আহসান উল হক কোরেশী
সহকারী প্রকৌশলী (সিভিল)
গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা।

5.5.2026
মোঃ মহিবুর রহমান, পিইঞ্জ
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা

৪.১৪ প্রস্তাবিত প্রকল্প সংশ্লিষ্ট খসড়া দলিলপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে;

৪.১৫ কারিগরি, প্রযুক্তিগত ও প্রকৌশলগত বিস্তারিত, আর্থিক ও অর্থনৈতিক মডেল এবং সংশ্লিষ্ট সহায়ক দলিলপত্র সংগ্রহপূর্বক সংযুক্ত করতে হবে;

৪.১৬ সম্ভাব্যতা যাচাইয়ের মাধ্যমে **কড়াইল বস্তির দরিদ্র জনগোষ্ঠীর** জন্য মানসম্মত আবাসন ও স্বাস্থ্যসেবা প্রদানের বাস্তবসম্মত রূপরেখা নির্ধারণ করতে হবে;

৪.১৭ **"মহাখালী কড়াইল বস্তিতে দরিদ্র জনগোষ্ঠীর জন্য আবাসন ও হাসপাতাল নির্মাণ প্রকল্প"** যেকোন নির্দেশনা পরামর্শক প্রতিষ্ঠান প্রতিপালন করবে।

| ৫.০ | পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা: | | | |
|---|---|---|---|---|
| | **ক্রমিক নং** | **ফার্ম ও ফার্মের পরামর্শক** | **শিক্ষাগত যোগ্যতা** | **অভিজ্ঞতা** |
| | ১. | ফার্ম | - | • প্রকল্পের সম্ভাব্যতা যাচাই, ডিপিপি এবং মাস্টার প্ল্যান প্রস্তুতকরণের কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা;<br>• নূন্যতম ৫০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ের সরকারি যেকোন ২ টি প্রকল্পের সার্ভে ও সম্ভাব্যতা যাচাইয়ের কাজে অভিজ্ঞতা;<br>• পরিকল্পনা কমিশনের নির্ধারিত ফরমেট অনুসরণপূর্বক (প্রতিবেদন দাখিলের গৃহীত কপিসহ) বিগত ০২ (দুই) বছরে পাবলিক সেক্টরে কমপক্ষে ১টি একই ধরনের কাজ সম্পন্নের অভিজ্ঞতা থাকতে হবে। |
| | ২. ক) | সিভিল ইঞ্জিনিয়ার (টিম লিডার) | সিভিল ইঞ্জিনিয়ারিং, অথবা সংশ্লিষ্ট বিষয়ে নূন্যতম স্নাতকোত্তর ডিগ্রী | • সরকারিভাবে ভবন প্রোজেক্ট প্ল্যানিং, স্থানাংকন, অবকাঠামো নকশা, এবং ভবন প্রকল্প সম্পর্কিত কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা;<br>• প্রকল্প কাজে টিম লিডারের অভিজ্ঞতা থাকতে হবে<br>• ডিপিপি প্রস্তুতকরণের অভিজ্ঞতা;<br>• ভবন নির্মাণ এবং পরিচালনার প্রক্রিয়া, প্রযুক্তি, এবং মান নির্ধারণের জন্য অভিজ্ঞতা;<br>• পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের অভিজ্ঞতা থাকতে হবে। |
| | ২. খ) | আর্কিটেক্ট (ডেপুটি লিডার) | স্থাপত্য বিষয়ে নূন্যতম স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী | • সরকারিভাবে ভবন প্রোজেক্ট প্ল্যানিং, স্থানাংকন, অবকাঠামো নকশা, এবং ভবন প্রকল্প সম্পর্কিত কাজে কমপক্ষে ৫ (পাঁচ) |

মোহাম্মদ বাবুল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ
সেগুনবাগিচা, ঢাকা।

০৫।০৩।২৫
এ, এইচ, এম, আহসান উল হক চৌধুরী
সহকারী প্রকৌশলী (সিভিল)
গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা।

মোঃ মাহবুর রহমান, পিইঞ্জ
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | বছরের অভিজ্ঞতা;<br>• ভবন নির্মাণ এবং পরিচালনার প্রক্রিয়া, প্রযুক্তি, এবং মান নির্ধারণের জন্য অভিজ্ঞতা;<br>• পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের অভিজ্ঞতা থাকতে হবে। |
| | ২. গ) | ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ার | ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী | • ভবন সংশ্লিষ্ট প্রকল্পে ইলেকট্রিক্যাল সিস্টেম ডিজাইন সম্পর্কিত কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;<br>• ভবন প্রকল্পের বিদ্যুৎ নেটওয়ার্ক এবং পরিকল্পনা করা, যেমন পাওয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম ডিজাইন এবং পরিচালনা সম্পর্কিত ধারণা;<br>• সিস্টেম নিরাপত্তা এবং সেফটি সুনিশ্চিত করার দক্ষতা, যেমন প্রযুক্তিগত নিরাপত্তা সিস্টেম ডিজাইন এবং স্থাপনা সম্পর্কিত ধারণা;<br>• প্রকল্পের প্রতিবেদন এবং উপস্থাপনার দক্ষতা, যেমন বিদ্যুৎ প্রকল্প সম্পর্কে নকশা, রিপোর্ট, এবং সম্প্রতি সম্পন্ন কাজের উপস্থাপনা সম্পর্কে ধারণা;<br>• পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের অভিজ্ঞতা থাকতে হবে। |
| | ২. ঘ) | মেডিকেল অফিসার (ডাক্তার) | এমবিবিএস ডিগ্রি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী | • সরকারি বা উন্নয়নমূলক প্রকল্পে স্বাস্থ্যসেবা প্রদান, কর্মক্ষেত্রের স্বাস্থ্য ও সুরক্ষা ব্যবস্থাপনা অথবা জনস্বাস্থ্য বিষয়ে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা;<br>• স্বাস্থ্যঝুঁকি মূল্যায়ন, প্রাথমিক চিকিৎসা (First Aid), ও কর্মক্ষেত্রের নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে দক্ষতা থাকতে হবে;<br>• প্রকল্প এলাকার মাঠপর্যায়ের স্বাস্থ্য কার্যক্রম পরিচালনা ও তদারকির অভিজ্ঞতা থাকতে হবে;<br>• স্বাস্থ্যসম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন ও পর্যবেক্ষণ কার্যক্রমে অভিজ্ঞতা থাকতে হবে;<br>• টিমওয়ার্কে দক্ষতা এবং প্রকল্প দলের অন্যান্য সদস্যদের সঙ্গে সমন্বয় সাধনের সক্ষমতা থাকতে হবে। |
| | ২. ঙ) | এনভায়রনমেন্টাল স্পেশালিস্ট | পরিবেশ বিজ্ঞান, জীববিজ্ঞান, ভূগোল, প্রকৃতি সংরক্ষণ, বা | • সরকারি পরিবেশ সংরক্ষণ, জলবায়ু পরিবর্তন, জীববৈচিত্র্য, এবং বাসস্থান |

মোহাম্মদ বাবুল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ
সেগুনবাগিচা, ঢাকা।

এ, এইচ, এম, আহসান উল হক চৌধুরী
সহকারী প্রকৌশলী (সিভিল)
গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা।

5.5.2026
শাহ মাহবুর রহমান, পিইঞ্জ
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা

| | | | | |
|---|---|---|---|---|
| | | | সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী | সংরক্ষণ সম্পর্কিত গবেষণা সম্পর্কিত কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;<br>• পরিবেশ সংরক্ষণ সম্পর্কিত জাতীয় ও আন্তর্জাতিক আইন এবং নীতি সম্পর্কে জ্ঞান;<br>• পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের অভিজ্ঞতা থাকতে হবে। |
| | ২. চ) | সমাজবিজ্ঞানী | সমাজবিজ্ঞান, বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী | • সরকারি উন্নয়ন প্রকল্প বা অবকাঠামোগত প্রকল্পে অন্তত গবেষণা সম্পর্কিত কাজে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা;<br>• প্রকল্প এলাকার সামাজিক ও অর্থনৈতিক পরিস্থিতি বিশ্লেষণ;<br>• প্রকল্পের সম্ভাব্য সামাজিক প্রভাব চিহ্নিত করা ও তার জন্য প্রশমন পরিকল্পনা (Mitigation Plan) তৈরি করা।<br>• জাতীয় এবং স্থানীয় আইনের সঙ্গে সঙ্গতিপূর্ণ সেফগার্ড পরিকল্পনা তৈরি করা; |
| | ২.ছ) | জিআইএস ও অটোক্যাড বিশেষজ্ঞ | পরিবেশ বিজ্ঞান, ভুগোল, প্রকৃতি সংরক্ষণ, বা সিভিল ইঞ্জিনিয়ার সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী | • ডেটা এবং তথ্য সংগ্রহ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ এবং বিশ্লেষণের কাজে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা;<br>• ম্যাপিং, স্পেশাল ডেটা প্রসেসিং, এবং স্থানিক মডেল তৈরি করার দক্ষতা থাকতে হবে;<br>• GIS এবং AutoCAD-এর মধ্যে ডাটা ইন্টিগ্রেশন দক্ষতা থাকতে হবে;<br>• প্রকল্প পরিচালনা করা, তথ্য এবং ডেটা সংগ্রহ করা, প্রকল্পের অগ্রগতি মনিটর করার দক্ষতা;<br>• উপযুক্ত তথ্য প্রযুক্তি ব্যবহার করে সার্ভেয়ার কাজ সম্পাদন করার অভিজ্ঞতা থাকতে হবে। |
| | ২. জ) | অর্থনীতিবিদ | অর্থনীতি, বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী | • অর্থনীতির বিভিন্ন বিষয়ে কাজ করার জন্য কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা;<br>• অর্থনৈতিক তথ্য বিশ্লেষণ এবং পরিসংখ্যানের মাধ্যমে ফলাফল তৈরি করার দক্ষতা;<br>• অর্থনৈতিক নীতি, বিধান, এবং আইন বিশ্লেষণ করে তাদের প্রভাব মূল্যায়ন করার দক্ষতা থাকতে হবে।<br>• প্রকল্পের অর্থনীতি বিশ্লেষণ BCR, IRR, NPV করার অভিজ্ঞতা থাকতে হবে। |

মোহাম্মদ বাবুল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ
সেগুনবাগিচা, ঢাকা।

০৫/০৫/২৬
এ, এইচ, এম, আহাছান উল হক চৌধুরী
সহকারী প্রকৌশলী (সিভিল)

5.5.2026
মোঃ মহিবুর রহমান, পিইঞ্জ
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা

Entity District : WD Survey Division
nent Type : Dhaka
IONS OF INTEREST (REOI

| | | | | |
|---|---|---|---|---|
| | ২.ঝ) | সার্ভেয়ার | সিভিল ইঞ্জিনিয়ারিং বা সার্ভেয়িং বিষয়ে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ন্যূনতম ডিপ্লোমা ডিগ্রি | • সরকারি বা উন্নয়নমূলক ভবন/অবকাঠামো প্রকল্পে সার্ভেয়িং, লেভেলিং, ও স্থানাংক নির্ধারণ কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা;<br>• টোটাল স্টেশন, জিপিএস, অটো লেভেলসহ আধুনিক সার্ভে যন্ত্রপাতি ব্যবহারে দক্ষতা থাকতে হবে;<br>• ভূমি জরিপ, সাইট প্ল্যান প্রস্তুতকরণ, এবং নির্মাণকাজের অগ্রগতি যাচাইয়ে অভিজ্ঞতা থাকতে হবে;<br>• সার্ভে ডেটা বিশ্লেষণ ও মানচিত্র প্রণয়নে দক্ষতা থাকতে হবে;<br>• প্রকৌশলী ও স্থপতির সঙ্গে সমন্বয়ে কাজ করার সক্ষমতা থাকতে হবে। |

উল্লেখ্য যে, দরপত্র মূল্যায়নে নিম্নোক্ত ছক অনুসারে কারিগরি ও আর্থিক প্রস্তাব সমূহ বিবেচনায় নেওয়া হবে-

| **ক্ষেত্র** | **নম্বর** |
|---|---|
| ক) সিভিল ইঞ্জিনিয়ার (টিম লিডার) | ৫.০ |
| খ) আর্কিটেক্ট (ডেপুটি লিডার) | ২.৫ |
| গ) ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ার | ২.৫ |
| ঘ) মেডিকেল অফিসার (ডাক্তার) | ২.৫ |
| ঙ) এনভায়রনমেন্টাল স্পেশালিস্ট | ২.৫ |
| চ) সমাজবিজ্ঞানী | ২.৫ |
| ছ) জিআইএস ও অটোক্যাড বিশেষজ্ঞ | ৫.০ |
| জ) অর্থনীতিবিদ | ৫.০ |
| ঝ) সার্ভেয়ার | ২.৫ |
| ঞ) কর্ম পরিকল্পনা | ৩০.০ |
| ট) প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও অভিজ্ঞতা | ৩০.০ |
| ঠ) প্রস্তাবিত দর | ১০.০ |
| মোট | ১০০.০০ |

মোহাম্মদ বাবুল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ
সেগুনবাগিচা, ঢাকা।

০৫/০৫/২৬
এ, এইচ, এম, আব্রাহাম উল হক কোরেশী
সহকারী প্রকৌশলী (সিভিল)
গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা।

5.5.2026
মোঃ মহিবুর রহমান, পিইঞ্জ
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা।

| | | | |
|---|---|---|---|
| ৬.০ | পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে: | | |
| | **ক্রমিক নং** | **প্রতিবেদনের নাম ও সংখ্যা** | **দাখিলের সময়** |
| | ০১ | সম্ভাব্যতা সমীক্ষার খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে |
| | ০২ | সম্ভাব্যতা সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৩০ দিনের মধ্যে |
| | * সকল প্রতিবেদন নিকশ ফন্টে হতে হবে। | | |
| ৭.০ | ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়: | | |
| | • প্রস্তাবিত প্রকল্পের দলিল, নকশা এবং প্রকল্প সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য, উপাত্ত ও প্রতিবেদন (যেমন: খসড়া ডিপিপি) সরবরাহ করা; | | |
| | • বিভিন্ন অংশীজনদের সাথে প্রকল্প সংশ্লিষ্ট কাজে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা। | | |

৫/৫/২৬
মোহাম্মদ বাবুল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ
সেগুনবাগিচা, ঢাকা।

০৫/০৫/২৬
এ, এইচ, এম, আহাছান উল হক কোরেশী
সহকারী প্রকৌশলী (সিভিল)
গণপূর্ত জরিপ বিভাগ, ঢাকা।

5.5.2026.
মোঃ মহিবুর রহমান, পিইঞ্জ
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত জরিপ বিভাগ,ঢাকা।